

প্রিয় পরিবারবর্গ,

আমরা নিউ ইয়র্ক সিটিতে হাই স্কুলে ভর্তি বিষয়ে একটি বাড়তি ভার্চুয়াল অনুষ্ঠানের সিরিজের আয়োজন করতে পেরে আনন্দিত। নিউ ইয়র্ক সিটির সকল অষ্টম গ্রেডের শিক্ষার্থীদের পরিবারকে (এর পাশাপাশি প্রথম-বারের নবম গ্রেডের আগ্রহী শিক্ষার্থীদের পরিবারকে) এই অনুষ্ঠানে যোগদানের আমন্ত্রণ জানানো এবং উৎসাহিত করা হচ্ছে। প্রতিটি অনুষ্ঠান ভার্চুয়ালভাবে হবে—আপনি যেকোনো স্থান থেকে যোগ দিতে পারবেন!

- প্রতিটি অনুষ্ঠানে, আমরা পরিবারদের সাথে সেসব তথ্য শেয়ার করবো যা তাদের আবেদনপত্র জমাদানে সহায়ক হবে, এতে অন্তর্ভুক্ত হাই স্কুল যাচাই (স্ক্রিন) সম্পর্কিত তথ্য, এবং কীভাবে একটি ভারসাম্যপূর্ণ হাই স্কুল আবেদন তৈরি করা যায়, এবং লাগোয়ার্ডিয়া হাই স্কুলসহ আর্টস প্রোগ্রামগুলির অডিশন প্রক্রিয়ায় কীভাবে অংশ নিতে হয়।
- উপস্থাপনার পর, আমরা অনুষ্ঠানের সময় যেসব প্রশ্ন জমা দেয়া হয়েছে সেগুলির উত্তর দেবো।

প্রতিটি অনুষ্ঠানের বিষয়বস্তু একই, **ভিন্ন ভিন্ন অনুষ্ঠানে ভিন্ন ভিন্ন দোভাষী পরিষেবা দেয়া হবে**, যা নিম্নোক্ত:

- **1 মার্চ**, 6pm থেকে 7pm | অনুষ্ঠানটি শুধু ইংরেজিতে হবে।
- **4 মার্চ**, 1pm থেকে 2pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। দোভাষী সেবা উল্লিখিত ভাষাসমূহে প্রদান করা হবে: বাংলা, কোরিয়ান, উর্দু
- **7 মার্চ**, 6pm থেকে 7pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে উল্লিখিত ভাষায় দোভাষী সেবা প্রদান করা হবে: আরবি, ফ্রেঞ্চ, রাশিয়ান
- **8 মার্চ**, 6pm থেকে 7pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। উল্লিখিত ভাষায় দোভাষী সেবা প্রদান করা হবে: চাইনিজ (ম্যান্ডারিন), হেশিয়ান ক্রিওল, স্প্যানিশ

কীভাবে অংশগ্রহণ করতে হবে:

- অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারণে (লাইভ) পরিচালিত হবে। অনুষ্ঠানটি শুরু হবার সময়, bit.ly/2022HSEvents -এ ক্লিক করে, আমাদের সাথে জুম (Zoom)-এ যোগ দিন
- **গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য:** অধিবেশনের দুই কার্য দিবস আগে আপনার ইমেইল অথবা schools.nyc.gov/High দেখুন: আমরা আপনাকে একটি মেসেজ পাঠাবো যেটায় অধিবেশনে যোগ দিতে আপনার জন্য আবশ্যিক **জুম (zoom) লিংক ও পাসওয়ার্ড** এবং এর পাশাপাশি উদ্দিষ্ট ভাষাসমূহে সরাসরি দোভাষী পরিষেবা পাবার ফোন নম্বর দেয়া থাকবে।

অংশগ্রহণ করতে পারবেন না, অথবা আরও জানতে চান?

- schools.nyc.gov/High এবং schools.nyc.gov/SHS দেখুন। প্রথম অধিবেশনের দুই সপ্তাহ পর আমাদের ওয়েবসাইটে ক্যাপশন (লেখা) সহ অধিবেশনের একটি রেকর্ডিং পোস্ট করা হবে।

শুভেচ্ছান্তে,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। হাই স্কুলে অ্যাডমিশন বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।